শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# জেলা পরিষদ
## বাগেরহাট
www.zpbagerhat.gov.bd

স্মারক নং- ৪৬.৪২.০১০০.০০১.৩১.১৪.২২-৮৮

তারিখ ঃ ২১ চৈত্র, ১৪২৯ বাং
০৪ এপ্রিল, ২০২৩ খ্রি.

### খেয়াঘাট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ইজারাদার/সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এতদ্‌সঙ্গে তালিকায় বর্ণিতএ জেলা পরিষদ তফশীলভূক্ত অত্রসাথ সংযুক্ত ১০ (দশ) টি খেয়াঘাট ২০২৩-২০২৪ অর্থ বছরের (০১ জুলাই/২০২৩ খ্রি. হতে ৩০ জুন/২০২৪ খ্রি.) তারিখ পর্যন্ত ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তাধীনে নির্ধারিত দরপত্র ফরমে সীলমোহরকৃত খামে ইজারা দরপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

১। দরপত্র অত্র অফিসের অনুমোদন সাপেক্ষে গ্রহণ করা হবে।

২। দরপত্র নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দাখিল করতে হবে। দরপত্র দাতার নাম, পিতার নাম ও পূর্ণ ঠিকানা দরপত্র ফরমে ও খামে লিখতে হবে এবং ছবিসহ ভোটার আইডি কার্ডের ফটোকপি (সত্যায়িত) অবশ্যই প্রদান করতে হবে।

৩। প্রতিটি দরপত্র মূল্য (অফেরতযোগ্য) অফিস চলাকালীন সময়ে অত্র অফিস সহ স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট/উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর/রামপাল/মোড়েলগঞ্জ অফিস হতে দফায় উল্লেখিত তারিখ সমূহে ক্রয় করা যাবে এবং দরপত্র সমূহ অত্র অফিস সহ স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট/ উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর/ রামপাল/ মোড়েলগঞ্জ অফিস হতে দফায় উল্লেখিত তারিখ সমূহে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে। বিস্তারিত জানার প্রয়োজন হলে অফিস চলাকালীন যে কোন সময়ে জানা যাবে।

**ইজারা দরপত্র ফরম ক্রয়, দাখিল ও খোলার সময়সূচী**

| বিজ্ঞপ্তি নং | দরপত্র সিডিউল ক্রয়ের শেষ তারিখ ও সময় (অফিস চলাকালীন সময়) | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র ক্রয় ও দাখিলের স্থান | দরপত্র বাক্স খোলার তারিখ সময় ও স্থান |
|---|---|---|---|---|
| ১ম দফা | ০২/০৫/২০২৩ খ্রিঃ | ০৩/০৫/২০২৩ খ্রিঃ বেলাঃ ১-০০ টা | জেলা পরিষদ কার্যালয় সহ স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট/উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর/রামপাল/মোড়েলগঞ্জ | ০৩/০৫/২০২৩ খ্রিঃ বেলাঃ ২-০০ টা জেলা পরিষদ, বাগেরহাট |
| ২য় দফা | ০৯/০৫/২০২৩ খ্রিঃ | ১০/০৫/২০২৩ খ্রিঃ বেলাঃ ১-০০ টা | -ঐ- | ১০/০৫/২০২৩ খ্রিঃ বেলাঃ ২-০০ টা জেলা পরিষদ, বাগেরহাট |
| ৩য় দফা | ১৬/০৫/২০২৩ খ্রিঃ | ১৭/০৫/২০৩ খ্রিঃ বেলাঃ ১-০০ টা | -ঐ- | ১৭/০৫/২০২৩ বেলাঃ ২-০০ টা জেলা পরিষদ, বাগেরহাট |
| ৪র্থ দফা | ২৩/০৫/২০২৩ খ্রিঃ | ২৪/০৫/২০২৩ খ্রিঃ বেলাঃ ১-০০ টা | -ঐ- | ২৪/০৫/২০২৩ খ্রিঃ বেলাঃ ২-০০ টা জেলা পরিষদ, বাগেরহাট |
| ৫ম দফা | ২৯/০৫/২০২৩ খ্রিঃ | ৩০/০৫/২০২৩ খ্রিঃ বেলাঃ ১-০০ টা | -ঐ- | ৩০/০৫/২০২৩ খ্রিঃ বেলাঃ ২-০০ টা জেলা পরিষদ, বাগেরহাট |

৪। ১ম দফা যে সকল খেয়াঘাটের দরপত্র সন্তোষজনক হবে, সেগুলো অনুমোদনের জন্য রাখা হবে ও যে সকল খেয়াঘাটের দরপত্র সন্তোষজনক হবে না, সেগুলো যথাক্রমে ৫ দফা নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ গুলোর তালিকা উপস্থিত সকলকে জানিয়ে দেয়া হবে। অনুরূপভাবে একই পদ্ধতিতে প্রয়োজন অনুসারে ৫ম দফা পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে। এক্ষেত্রে পুনরায় কোন দরপত্র বিজ্ঞপ্তি জারী করা হবে না।

৫। খেয়াঘাট ইজারায় আগ্রহী জন্মগত পেশাদার পাটনী/সর্বসাধারনের সমর্থনে তার বর্তমান পেশার বিবরণসহ সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র/ভোটার আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৬। দাখিলকৃত দরপত্রের সঙ্গে উদ্ধৃত মূল্যের ১০০% টাকা ব্যাংক ড্রাফট আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৭। দরপত্রে উদ্ধৃত মূল্যের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর যার দরপত্র অনুমোদন হবে তাকে সংশ্লিষ্ট খাতে সোনালী ব্যাংক, বাগেরহাট শাখায় ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করে চালানের মূল কপি অত্র অফিসে দাখিল করতে হবে।

৮। দরপত্রে উল্লেখিত উদ্ধৃত দর স্পষ্ট অক্ষরে পৃথকভাবে অংকে ও কথায় লিখতে হবে।

৯। দরপত্র যথাযথভাবে পূরণ এবং স্বাক্ষর করতে হবে। দরপত্রে কাটাকাটি থাকলে তা দরদাতা কর্তৃক স্বাক্ষর করতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিল বলে বিবেচিত হবে।

১০। যার দরপত্র গৃহীত/অনুমোদিত হবে তাকে অনুমোদন প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে ইজারা বিধি মোতাবেক ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট এর সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

চলমান পাতা-০২

১১। ইজারাদার কোনক্রমেই ইজারা প্রাপ্ত খেয়াঘাটটি অন্য কারো নিকট উপবন্দোবস্ত (সাবলীজ) প্রদান করতে পারবেন না। ইজারাদার আইন বহির্ভূত কোন কার্যকলাপে লিপ্ত হলে বা ইজারা চুক্তির কোন শর্ত ভঙ্গ করলে তার ইজারামূল্য বাজেয়াপ্ত সহ ইজারার আদেশ বাতিল বলে গণ্য হবে।

১২। ইজারাদারকে সর্বনিম্ন ০৬ (ছয়) টন ভার বহন করা যায় এমন নৌকা (যন্ত্রচালিত) দ্বারা কমপক্ষে ০২ (দুই) খানা ট্রলার খেয়া পারাপারের কাজে ব্যবহার করতে হবে।

১৩। যন্ত্রচালিত প্রতি ট্রলারে সর্বোচ্চ ২৫ থেকে ৩০ জনের বেশী যাত্রী বহন করা যাবে না।

১৪। ট্রলার চালানো দক্ষ ও অভিজ্ঞ সম্পন্ন ব্যক্তি দ্বারা সর্বোচ্চ সতর্কতা অবলম্বনপূর্বক যাত্রী বহনকারী ট্রলার চালাতে হবে।

১৫। দরপত্র দাতাকে তার স্ব-স্ব ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান কর্তৃক প্রদেয় নাগরিকত্ব সনদপত্র দরপত্রের সাথে দাখিল করতে হবে।

১৬। জেলা পরিষদ হতে প্রদত্ত রেট চার্ট অনুযায়ী টোল আদায় করতে বাধ্য থাকতে হবে এবং খেয়াঘাটের উভয় পাড়ে প্রকাশ্য স্থানে রেট চার্ট লটকাতে হবে।

১৭। খেয়াঘাটটি জেলা পরিষদের সম্পত্তি বিবেচনা করে সঠিকভাবে রক্ষনাবেক্ষন করতে হবে এবং যাত্রী সাধারনের খেয়াঘাটে উঠানামার ব্যবস্থা করতে হবে। প্রয়োজনে উভয় পাড়ে যাত্রীগণের সুবিধার্থে অস্থায়ী যাত্রী ছাউনী নির্মাণ ও উভয় পাড়ে সার্চ লাইট লাগাতে হবে।

১৮। কোন শর্তযুক্ত দরপত্র গ্রহণ করা হবে না।

১৯। দরপত্র দাখিলের পূর্বে খেয়াঘাটটি সরেজমিনে পরিদর্শন করে দরপত্র দাখিল করতে হবে। পরবর্তীতে খেয়াঘাটের বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহণ করা হবে না।

২০। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই দরপত্র গ্রহণ/স্থগিত রাখার কোন বা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা জেলা পরিষদ, বাগেরহাট কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৪/০৪/২৩

(ঝুমুর বালা)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ)
জেলা পরিষদ, বাগেরহাট
ফোনঃ ০২৪৭৭৭৭৫২৪৮১

স্মারক নং- ৪৬.৪২.০১০০.০০১.৩১.১৪.২২- ৮৮(৩)/১৮

তারিখ ঃ ০৪, এপ্রিল, ২০২৩ খ্রি.।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। চেয়ারম্যান, জেলা পরিষদ, বাগেরহাট।
২। মেয়র, বাগেরহাট পৌরসভা, বাগেরহাট।
৩। জেলা প্রশাসক, বাগেরহাট।
৪। পুলিশ সুপার, বাগেরহাট।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।
৬। সিভিল সার্জন, বাগেরহাট।
৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/সওজ, সড়ক বিভাগ/এলজিইডি/পানি উন্নয়ন বোর্ড বাগেরহাট।
৮। উপজেলা চেয়ারম্যান, ............................................ বাগেরহাট (সকল)।
৯। উপজেলা নির্বাহী অফিসার, ...................................... বাগেরহাট (সকল)।
১০। সহকারী কমিশনার (ভূমি), বাগেরহাট সদর, বাগেরহাট।
১১। সাব-রেজিষ্ট্রার, বাগেরহাট সদর, বাগেরহাট।
১২। অফিসার ইন চার্জ, বাগেরহাট সদর মডেল থানা/রামপাল/মোড়েলগঞ্জ, বাগেরহাট।
১৩। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, বাগেরহাট।
১৪। প্রশাসনিক কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট।
১৫। হিসাবরক্ষক, জেলা পরিষদ, বাগেরহাট।
১৬। চেয়ারম্যান, ......................................................... ইউনিয়ন পরিষদ, ........................................ উপজেলা, জেলাঃ বাগেরহাট।
১৭। জনাব .............................................................................................................................................
.............................................................................................................................................
.............................................................................................................................................
১৮। অফিস কপি/নোটিশ বোর্ড/ওয়েবসাইট।

০৪/০৪/২৩

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ)
জেলা পরিষদ, বাগেরহাট
ফোনঃ ০২৪৭৭৭৭৫২৪৮১

বাগেরহাট জেলা পরিষদ তফশীলভুক্ত ২০২৩-২০২৪ অর্থ বছরে সরকারী সম্ভাব্য ইজারা মূল্যসহ ইজারাযোগ্য খেয়াঘাটের তালিকা

| ক্রঃ নং | উপজেলার নাম | খেয়াঘাটের নাম | শ্রেণী | সিডিউল মূল্য (অফেরযোগ্য) | ২০২৩-২০২৪ অর্থ বছরের সম্ভাব্য ইজারা মূল্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মোড়েলগঞ্জ | বলাইবুনিয়া খেয়াঘাট | ১ম শ্রেণী | ১,০০০/- | ৮,১৩,০০০/- |
| ০২ | -ঐ- | মোড়েলগঞ্জ (হাসপাতাল সংলগ্ন) খেয়াঘাট | ১ম শ্রেণী | ১,০০০/- | ৫,৭২,০০০/- |
| ০৩ | -ঐ- | ফুলহাতা খেয়াঘাট | ২য় শ্রেণী | ৬০০/- | ১,৮৪,৫০০/- |
| ০৪ | রামপাল | রামপাল খেয়াঘাট | ২য় শ্রেণী | ৬০০/- | ৮,২৫,০০০/- |
| ০৫ | -ঐ- | বড়দিয়া খেয়াঘাট | ৩য় শ্রেণী | ৩০০/- | ২৪,৮০০/- |
| ০৬ | বাগেরহাট সদর | নাগেরবাজার খেয়াঘাট | ২য় শ্রেণী | ৬০০/- | ২,৫৮,৫০০/- |
| ০৭ | -ঐ- | সুপারিপট্টি খেয়াঘাট | ২য় শ্রেণী | ৬০০/- | ২,৪৪,২০০/- |
| ০৮ | -ঐ- | লোকালবোর্ড খেয়াঘাট | ২য় শ্রেণী | ৬০০/- | ২,৮২,৬২৫/- |
| ০৯ | -ঐ- | মুনিগঞ্জ খেয়াঘাট | ২য় শ্রেণী | ৬০০/- | ২,৮৯,৭৭৫/- |
| ১০ | -ঐ- | দড়াটানা খেয়াঘাট | ২য় শ্রেণী | ৬০০/- | ৫,৭০০/- |

০৪/০৪/২৩

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ প্রাঃ)
জেলা পরিষদ, বাগেরহাট।